



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

নৌ-পরিবহন অধিদপ্তর

চীফ নটিক্যাল সার্ভেয়ার এর অধিশাখা

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.dos.gov.bd



নম্বর: ১৮.১৭.০০০০.০০৩.৯৯.০০২.১৯.১৮০

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯

০৯ মার্চ ২০২৩

## সার্কুলার

গত ২৩-০২-২০২৩খ্রিঃ তারিখে নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে সমুদ্র উপকূল এবং বহিঃসমুদ্রে চলাচল/অবস্থানরত জাহাজ বা স্থাপনায় চাকুরীর জন্য Continuous Discharge Certificate (CDC)/সীম্যান বুক প্রদান বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

- ১) Basic ৬টি কোর্সের পর ডিওএস কর্তৃক কোন মৌখিক পরীক্ষা গ্রহন করা হবে না। তবে অন্যান্য ক্ষেত্রে বিধি মোতাবেক পরীক্ষা গ্রহন করা হবে;
- ২) বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি থেকে উত্তীর্ণ ডিপ্লোমাধারী ছাত্রদের অনুকূলে ওয়েলার/ফায়ারম্যান হিসাবে রেটিং CDC জারী করা হবে;
- ৩) বাংলাদেশ নৌ বাহিনীর অবসরপ্রাপ্ত সীম্যান (ডেক/ইঞ্জিন) শাখার নাবিকদের অনুকূলে সনদায়ন বিধিমালা ২০১১ এর বিধি অনুযায়ী Dispensation সনদ ৬ মাসের জন্য জারী করত: ওয়াচকপিং পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সুযোগ প্রদান করা হবে;
- ৪) বিদেশী CDC প্রাপ্ত অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী নাবিকদের Carrier Progression বিবেচনা করে তাঁর ভবিষ্যত সী টাইম সম্পন্ন করার স্বার্থে নৌপরিবহন অধিদপ্তরের অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ২বৎসর প্রী-সী সনদধারী ও Basic কোর্স সম্পন্নকারী নাবিকদের ইঞ্জিন/ডেক ক্যাডেট হিসাবে এবং বিদেশী CDC প্রাপ্ত Basic ৬টি কোর্স সম্পন্নকারী নাবিকদের ইঞ্জিন/ডেক হিসাবে CDC প্রদানের জন্য NOC জারী করা হবে।

জনস্বার্থে এই সার্কুলার অনতিবিলম্বে কার্যকর হবে।

৯-৩-২০২৩

কমডোর মোঃ নিজামুল হক. (টোজ). ওএসপি.

এনজিপি. পিএসসি. বিএন

মহাপরিচালক

ফোন: +৮৮০২৯৫১৩৩০৫

ফ্যাক্স: +৮৮০২৯৫৮৭৩০১

ইমেইল: info@dos.gov.bd

নম্বর: ১৮.১৭.০০০০.০০৩.৯৯.০০২.১৯.১৮০/১(৬)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯

০৯ মার্চ ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল: